Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

৯ বৈশাখ ১৪৩২

22 April 2025

## দিনকাল



প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জাহিদুল ইসলাম পারভেজকে হত্যায় জড়িতদের গ্রেফতার ও সর্বোচ্চ শাস্তি নিশ্চিতের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের মানববন্ধন —দিনকাল

### পারভেজ হত্যার বিচারের দাবিতে ঢাবি ও শেকৃবি ছাত্রদলের মানববন্ধন

দিনকাল রিপোর্ট: প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জাহিদুল ইসলাম পারভেজকে প্রকাশ্যে হত্যায় জড়িতদের গ্রেফতার ও সর্বোচ্চ শাস্তি নিশ্চিতের দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় ও শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্রদল। ছাত্রদল বাংলা সিনেমার শাবানা না বলে মন্তব্য করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ছাত্রদলের সভাপতি গণেশ চন্দ্র রায় সাহস। তিনি বলেন, শাবানা আগেই স্বামীর সিনেমার পুরোটাই কষ্ট করে। যখন ভালো সময় আসে তখন সবাইকে ক্ষমা করে দেয়। আগামীতে ছাত্রদলের প্রথম সারির নেতারা যদি এমন আহত বা নিহত হয় তাহলে আমরা শাবানার মতো আচরণ করতে পারবো না। এদের ক্ষমা করতে বললেও ক্ষমা করতে পারবো না। আমাদেরও রক্ত গরম হয়। গতকাল সোমবার দুপুরে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সন্ত্রাসবিরোধী রাজু ভাস্কর্যের পাদদেশে এক মানববন্ধনে এসব কথা বলেন ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ছাত্রদলের সভাপতি। মানববন্ধনে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন, সহ-সভাপতি মামুন বিল্লাহ, সিনিয়র যুগ্ম সম্পাদক নাসিরুদ্দিন শাওন, সাংগঠনিক সম্পাদক নুরুল আমিন ভূইয়া ইমন এবং যুগ্ম সাধারণ সম্পাদক শামিম আক্তার শুভ প্রমুখ। মানববন্ধনে শোক প্রকাশ করে কালো ব্যানার ও কালো ব্যাজ ধারণ করেন নেতা-কর্মীরা। সাংবাদিকদের বস্তুনিষ্ঠ সাংবাদিকতার আহ্বান করে গণেশ চন্দ্র বলেন, ৫ আগস্টের পর একটি বস্তুনিষ্ঠ সাংবাদিকতার সময় এসেছে। আপনারা সঠিক তথ্য যাচাই বাছাই করে সংবাদ প্রকাশ করুন। আমাদের যৌক্তিক সমালোচনা করুন। আমরা শোধরানোর চেষ্টা করবো। শিক্ষাঙ্গনে পুনরায় সন্ত্রাসকে ঢোকানো হবে, এমন দাবি করে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ছাত্রদলের সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন বলেন,

» পৃষ্ঠা ৭ কলাম ১

### পারভেজ হত্যার বিচারের

শেষ পাতার পর

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের যে শিক্ষার্থীরা ফ্যাসিস্ট হাসিনাকে পালাতে বাধ্য করেছে, সে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীকে হত্যা করা হয়েছে। এর মধ্য দিয়ে শিক্ষাঙ্গনে পুনরায় সন্ত্রাসকে ঢোকানো হবে। প্রাইম এশিয়ার পারভেজ হত্যার বিচারের দাবিতে শেকৃবি ছাত্রদলের মানববন্ধন: প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জাহিদুল ইসলাম পারভেজকে প্রকাশ্যে হত্যায় জড়িতদের গ্রেফতার ও সর্বোচ্চ শাস্তি নিশ্চিতের দাবিতে মানববন্ধন করেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্রদল। গতকাল সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ১ নং গেটে শেকৃবি ছাত্রদলের ব্যানারে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

এ সময় নেতৃবৃন্দের হাতে 'উই ওয়ান্ট জাস্টিস', 'আমার ভাই মরলো কেন, খুনি কেন বাহিরে', 'পারভেজ হত্যাকারীদের সর্বোচ্চ শাস্তি চাই'সহ বিভিন্ন লেখা সংবলিত প্ল্যাকার্ড দেখা যায়। এ সময় উপস্থিত ছিলেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মো: আব্দুস সালাম, সিনিয়র সহ-সভাপতি মো: জহিরুল ইসলাম রাকিব, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ ফয়জুল হোসেন, কুমিল্লা শরীফ, সাদু, রাশেদ, রাসেল, মিরাজসহ শতাধিক নেতৃবৃন্দ।

## The Financial Post



### DU Chhatra Dal holds human chain demanding justice for Parvez murder

Staff Correspondent

Leaders and activists of Dhaka University unit of Jatiyatabadi Chhatra Dal (JCD) formed a human chain on the campus on Monday demanding justice for the murder of Zahidul Islam Parvez, a student of Primeasia University. The programme was held in front of the Raju sculpture on the DU campus around 1pm. Speaking at the event, DU Chhatra Dal President Ganesh Chandra Roy Sahos said, "Many of our activists took part in July movement and sacrificed their lives. Parvez was an

#### 3 arrested over Primeasia University student murder

see page -2 col-3

### DU Chhatra Dal holds

contd from page -8

active participant. But terrorists killed him."

Referring to the student platform 'Anti-discrimination Student Movement,' Sahos said, "This is a social organisation where we worked from our respective positions. But now, those pretending to be general students have misused this banner. You've seen who polluted it. Parvez's killers are still moving freely." The speakers demanded exemplary punishment of those involved in the murder.

3 arrested over Primeasia University student murder :

Police on Sunday night arrested three people in connection with the killing of Primeasia University student Zahidul Islam Parvez from the capital's Mohakhali Wireless Gate and nearby areas. The arrestees are Al Kamal Sheikh alias Kamal, 19, son of Mahbubur Rahman, Alvi Hossain Junayed, 19, son of Lal Mia from Nandail, Mymensingh and Al Amin Sani, 19, son of Sulaiman Sheikh from Sarishabari, Jamalpur.

Inspector AKM Moin Uddin, the investigating officer of the case of Banani police station, said the trio was identified through witness accounts and CCTV footages. They were named in the case's FIR and they will be produced before a Dhaka court later in the day, he said. Zahidul Islam Parvez, 23, a student of the 223rd batch of Textile Engineering Department of the university, was stabbed to death following a dispute with some students of English Department on the university campus on Saturday.

## কালের কণ্ঠ




প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও ছাত্রদলকর্মী জাহিদুল ইসলাম পারভেজের হত্যার প্রতিবাদ ও খুনিদের বিচার দাবিতে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের সামনে মানববন্ধন করে ছাত্রদল। ছবি : কালের কণ্ঠ

### প্রাইম এশিয়ার শিক্ষার্থী হত্যা

# তিন আসামি ৭ দিনের রিমান্ডে

নিজস্ব প্রতিবেদক ▷

ঢাকার বনানীতে প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জাহিদুল ইসলাম পারভেজকে ছুরিকাঘাতে হত্যা মামলায় তিন আসামির সাত দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

গতকাল সোমবার ঢাকার অতিরিক্ত মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. ছানাউল্যাহর আদালত শুনানি শেষে এই আদেশ দেন। এর আগে রবিবার মধ্যরাতে মহাখালীর ওয়্যারলেস গেটে অভিযান চালিয়ে তাঁদের গ্রেপ্তার করে পুলিশ।

শুনানি চলাকালে বিচারক বলেন, 'হিরোইজম দেখাইছে, এখন জিরো হইছে। ওদের (আসামিদের) তো কোনো ক্ষতি নাই। ক্ষতি ওদের মা-বাবার।'



জাহিদুল ইসলাম পারভেজ

রিমান্ডে যাওয়া আসামিরা হলেন আল কামাল শেখ ওরফে কামাল (১৯),

▶▶ পৃষ্ঠা ৪ ক. ৫

# তিন আসামি ৭ দিনের রিমান্ডে

▶▶ শেষ পৃষ্ঠার পর

আলভী হোসেন জুনায়েদ (১৯) ও আল আমিন সানি (১৯)। আসামিরা বনানী বিদ্যানিকেতনের প্রাক্তন শিক্ষার্থী।

আদালতে হাজির করা হলে তদন্ত কর্মকর্তা বনানী থানার পরিদর্শক এ কে এম মঈন উদ্দিন তাঁদের ১০ দিনের রিমান্ড চেয়ে আবেদন করেন। রাষ্ট্রপক্ষে ঢাকা মহানগর পাবলিক প্রসিকিউটর ওমর ফারুক ফারুকী রিমান্ড মঞ্জুরের পক্ষে শুনানি করেন।

মামলার সূত্রে জানা গেছে, গত ২০ এপ্রিল বিকেল ৪টার পর বনানীতে প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগ ও টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের মধ্যে সংঘাতে ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী পারভেজ নিহত হন।

**ঢাবিতে ছাত্রদলের মানববন্ধন :** ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি জানান, পারভেজের হত্যাকারীদের শাস্তির দাবিতে মানববন্ধন করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা। গতকাল দুপুরে রাজু ভাস্কর্যের পাদদেশে এই মানববন্ধন করে তারা।

মানববন্ধনে ঢাবি ছাত্রদলের সভাপতি গণেশ চন্দ্র রায় সাহস বলেন, যারা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারকে সামনে রেখে বিভিন্ন মব সৃষ্টি করে, বাংলাদেশকে অগণতান্ত্রিক পন্থার দিকে ঠেলে দিচ্ছে তাদের আর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন না বলে বৈষম্যমুখী ছাত্র বলে মনে করবে ছাত্রদল।

**গণেশ চন্দ্রের বক্তব্যে বাগছাসের উদ্বেগ :** ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি গণেশ চন্দ্র রায়ের বক্তব্যে গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছে বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদ (বাগছাস)। গতকাল এক বিবৃতিতে তারা উদ্বেগ ও ক্ষোভ জানায়।

বিবৃতিতে বাগছাস বলেছে, গণেশ চন্দ্র রায় ঐতিহাসিক জুলাই গণ-অভ্যুত্থানকে 'তথাকথিত আন্দোলন' বলে অভিহিত করেছেন। এই বক্তব্য শুধু অবিবেচনাপ্রসূতই নয়; বরং তা ইতিহাস বিকৃতির চেষ্টার সঙ্গে তুলনীয়।

**দুঃখ প্রকাশ করলেন গণেশ চন্দ্র রায় :** জুলাই-আগস্টের আন্দোলনকে 'তথাকথিত' বলায় আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শাখা ছাত্রদলের সভাপতি গণেশ চন্দ্র রায়। গতকাল রাত ১১টার দিকে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে দেওয়া এক পোস্টে তিনি এই দুঃখ প্রকাশ করেন।

**ভালুকায় আবারও মহাসড়ক অবরোধ :** ভালুকা (ময়মনসিংহ) প্রতিনিধি জানান, পারভেজ হত্যাকারীদের গ্রেপ্তার ও ফাঁসির দাবিতে গতকাল বিকেলে তাঁর নিজ এলাকা ভালুকা বাসস্ট্যান্ড এলাকায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক প্রায় আধা ঘণ্টা অবরোধ করে বিক্ষোভ করেছে শিক্ষার্থীরা।

এ ছাড়া জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, নাটোর, বামনা (বরগুনা), পাকুন্দিয়া (কিশোরগঞ্জ), সৈয়দপুর (নীলফামারী) এলাকায় বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে বলে কালের কণ্ঠের প্রতিনিধিরা জানিয়েছেন।

## The Daily Star

# JCD demands justice for Parvez

STAFF CORRESPONDENT



The Jatiyatabadi Chhatra Dal (JCD) yesterday staged demonstrations on university campuses across the country, demanding justice for Jahidul Islam Parvez, a third-year student of Primeasia University, who was reportedly stabbed to death in Banani on Saturday.

In Dhaka, JCD held a protest rally in front of Primeasia University, where BNP's Dhaka South unit leader Ishraque Hossain issued a 48-hour ultimatum to arrest those responsible. Warning of tougher programmes if the killers were not apprehended, he alleged that members of the Students Against Discrimination were involved in the murder.

"There is pressure on police not to arrest them," Ishraque claimed. "Anyone obstructing justice will face resistance," he added.

At Dhaka University, JCD leaders gathered at the base of the Raju Sculpture around 1:00pm, demanding swift action. DU JCD president GC Roy Shahos and JCD general secretary Nahiduzzaman Shipon spoke at the rally.

At Jahangirnagar University, over a hundred JCD activists held a human chain at the Central Shaheed Minar in the afternoon. The unit's convener Jahir Uddin Babor said they are giving the government 24 hours to act or face intensified protests.

Jagannath University JCD also held a rally echoing similar demands.